



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.৪২.৭০০০০.০৪২.৯৯.০৭৪.২০২০.৯৪


তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন নাচোল ডাকবাংলো সংলগ্ন ফাঁকা জায়গায় ডেভেলপার প্রতিষ্ঠানের মাধ্যমে ৩(তিন) তলা বিশিষ্ট 'নাচোল মার্কেট-৩' নির্মাণ।

সূত্র: জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ এর স্মারক নং-৪৬.৪৩.৭০০০.০০২.১৪.০০৭.২১-৩০৮, তারিখ: ১২ ডিসেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২৮ নভেম্বর ২০০২ তারিখের ২১৫৮ নং স্মারক মূলে জেলা পরিষদের মালিকানাধীন জমিতে মার্কেট নির্মাণের নীতিমালা (কপি সংযুক্ত) অনুসরণপূর্বক উক্ত মার্কেট নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হানীয়া সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
হানীয়া সরকার বিভাগ
(প্রজেক্ট-৪ শাখা)

স্মারক নং প্রজেক্ট-৪/জেপ-৬২/২০০১/২১৫৮(৬১)

তারিখঃ ২৮-১১-২০০২ই

বিষয় : জেলা পরিষদের মালিকানাধীন জমিতে মার্কেট নির্মাণ সংক্রান্ত নীতিমালা।

জেলা পরিষদের স্থায়ী রাজস্ব আয়ের উৎস সৃষ্টিকল্পে পরিষদের নিজস্ব জমিতে মার্কেট নির্মাণের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত নীতিমালা অনুসরণ করে প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ১) বাণিজ্যিকভাবে অধিক লাভজনক এমন উপযুক্ত স্থানে জেলা পরিষদের মালিকানাধীন নিষ্কটক জমিতে মার্কেট নির্মাণের প্রস্তাব প্রেরণ করতে হবে;
- ২) বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের প্রস্তাবের সাথে খসড়া প্লান/নকশা প্রস্তুত করে টেন্ডার কমিটিতে অনুমোদনের কার্যবিবরণী প্রেরণ করতে হবে;
- ৩) প্রস্তাবে নিম্নে উল্লিখিত তথ্যাদি সংযুক্ত করতে হবে:
 - ক) প্রস্তাবিত মার্কেট নির্মাণে সঙ্কায় নির্মাণ ব্যয়ের পরিমাণ;
 - খ) সেলামীর মাধ্যমে প্রাপ্ত আয়ের পরিমাণ;
 - গ) দোকানের সংখ্যা;
 - ঘ) নির্মিতব্য দোকানের মাসিক আয়ের পরিমাণ;
- ৪) পরিবেশের ক্ষতি সাধিত হয় এমন কোন স্থানে মার্কেট নির্মাণ করা যাবেনা। এক্ষেত্রে পরিবেশের কোন ক্ষতি হবেনা মর্মে প্রত্যয়ান থাকতে হবে;
- ৫) বাণিজ্যিকভাবে অলাভজনক স্থানে বা জেলা পরিষদের ডাকবাংলো আছে এরূপ স্থানের আশে পাশে অর্থাৎ ডাকবাংলোর পরিবেশ নষ্ট হয় এমন কোন স্থানে মার্কেট নির্মাণ করা যাবেনা;
- ৬) মার্কেট নির্মাণে জেলা পরিষদের কোন দায়বদ্ধতা থাকবেনা এরূপ উল্লেখ করতে হবে। অর্থাৎ বিদ্যুৎ, পানি ইত্যাদি সংযোগ সংশ্লিষ্ট সংস্থা হতে বরাদ্দপ্রাপ্ত বা সরাসরি গ্রহণ করবে। জেলা পরিষদ এ বিষয়ে কোন দায়-দায়িত্ব নিবেনা;
- ৭) মার্কেট নির্মাণে কোন অবস্থাতেই জেলা পরিষদের নিজস্ব শুধু বা এডিপি অর্থ ব্যয় করা হবেনা মর্মে পরিষ্কারভাবে উল্লেখ করে প্রস্তাব প্রেরণ করতে হবে;
- ৮) জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর সম্মতি আছে কিনা, তা উল্লেখ করতে হবে;
- ৯) সেলামীর মাধ্যমে প্রাপ্ত আয় ব্যয় সরকারী নিয়মনীতি মতে রক্ষণা-বেক্ষণ করতে হবে এবং বছর ভিত্তিক অডিট সাপেক্ষে আয় ব্যয় এর এক রুপি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণ করতে হবে;
- ১০) গাড়ী/যানবাহন এর পার্কিং (Parking) এর নির্ধারিত স্থান নকশায় দেখাতে হবে; এবং
- ১১) রাজস্ব আয় সৃষ্টির লক্ষ্যে আরো কি কি পদক্ষেপ নেয়া যায় সে বিষয় সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করতে হবে।

(মনোমুহুর্তি আধ্বনদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৮৬১৯২৭৫

প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব,

জেলা পরিষদ.....(সকল)।